গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০০১.০৭.৩৪৪.১৯ তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ / ০৮ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

আদেশ

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর অফিস সহায়ক জনাব রফিকুল ইসলাম প্রথম সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন) দপ্তরে কর্মরত থাকা অবস্থায় বিলম্বে অফিসে উপস্থিত হতেন, আগত দর্শনার্থীদের সাথে দুর্ব্যবহার করতেন এবং দাপ্তরিক গুরুত্বপূর্ণ নথিসমূহের নোটশীটসহ সংবেদনশীল পত্রের ছবি মোবাইলে ধারণ করতেন এবং তা বিভিন্ন ব্যক্তির নিকট টাকার বিনিময়ে সরবরাহ করতেন। তৎপ্রেক্ষিতে ০৭/০২/২০২১ খ্রিঃ তারিখে প্রথম সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন) কর্তৃক তার মোবাইল সেট পরীক্ষা করলে মোবাইলে গুরুত্বপূর্ণ নথির নোটশীটের ছবি সংরক্ষিত পাওয়া যায়। মোবাইলে মেসেজিং এ বিভিন্ন সময় বদলির তথ্যাদি বিভিন্ন ব্যক্তির নিকট প্রেরণ বিষয়টিও পরিলক্ষিত হয়। বদলী সংক্রান্ত তথ্যাদি প্রেরণ করে বিকাশে লেনদেনের মাধ্যমে টাকা গ্রহণ করার তথ্যও পাওয়া যায়। এছাড়াও ইতোপূর্বে জাতীয় রাজস্ব বোর্ডের ১৭/০২/২০২০ খ্রিঃ তারিখের ০৮.০১.০০০০.০১.০৭.১০১.১৬.১২৮ নং অফিস আদেশমূলে তাকে দ্বিতীয় সচিব (কর প্রশাসন-৩) শাখায় বদলী করা হলেও বদলীকৃত কর্মস্থলে যোগদান না করে উর্ধ্বতন কর্তৃপক্ষের আইনসংগত আদেশ অমান্য করেছেন। একজন সরকারি কর্মচারীর উক্তরূপ কার্যক্রম অসদাচরণ ও দুর্নীতিমূলক কর্মকান্ডের শামিল। যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। সুতরাং উক্ত বিধিমালার বিধি ১২ অনুযায়ী ০৮/০৩/২০২১ খ্রিঃ তারিখ থেকে জনাব রফিকুল ইসলাম, অফিস সহায়ককে জনস্বার্থে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তাকে নিয়মিত হাজিরা দিতে হবে এবং তিনি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকতে পারবেন না। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-
(মোঃ গাউছুল আজম)
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)

নথি নং-০৮.০১.০০০০.০০১.০৭.৩৪৪.১৯. ১৬২(৪) তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ / ০৮ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২। মহাপরিচালক, (সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৩। মহাপরিচালক, (গবেষণা ও পরিসংখ্যান), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। প্রথম সচিব (সকল) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৬। আইন কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৯। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১০। দ্বিতীয় সচিব (সকল) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২। জনাব রফিকুল ইসলাম, অফিস সহায়ক, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

Snigdha ০৮/৩/২০২১
(স্নিগ্ধা বিশ্বাস)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
ফোনঃ ৮৩১৮১২০-২৬/৩৭৭